দৈনিক জনকণ্ঠ

তারিখ : 21 APR 2009
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# হাবিপ্রবি ছাত্রলীগের বিরুদ্ধে ঔদ্ধত্যপূর্ণ আচরণের অভিযোগ

স্টাফ রিপোর্টার, দিনাজপুর ॥ ছাত্রলীগের রিয়েল-অরুণ ব্যাপক টেন্ডারবাজি, চাঁদাবাজি এবং শিক্ষকদের সঙ্গে ঔদ্ধত্যপূর্ণ আচরণের মাধ্যমে বেপরোয়া হয়ে উঠেছিল বলে অভিযোগ করেছে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) প্রগতিশীল শিক্ষক ফোরাম। সোমবার সকালে হাবিপ্রবির কনফারেন্স রুমে সংবাদ সম্মেলনে প্রগতিশীল শিক্ষক ফোরামের সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ আনিস খান ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. বলরাম রায় লিখিত, বক্তব্যে এ অভিযোগ করেন। আর ছাত্রলীগের নেতৃবৃন্দ জোড়া হত্যাকাণ্ডের জন্য উপাচার্যসহ স্বেচ্ছাসেবক লীগের এক নেতার বাহিনীকে দায়ী করেছেন।

শিক্ষক নেতৃবৃন্দ বলেন, বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ীভাবে বহিষ্কৃত ছাত্র অরুণ কান্তি রায়, জাহিদ ও ইফতেখারুল ইসলাম রিয়েলের নেতৃত্বে ১৬ এপ্রিল জঘন্য হামলা চালানো হয়।